59

দৈনিক ইনকিলাব

FEB 9 1999
তারিখ
পৃষ্ঠা ১২ কলাম ৬

# আধুনিক শিক্ষায় তথ্য প্রযুক্তি অন্তর্ভুক্ত করতে হবে

—মোহাম্মদ নাসিম

বাসস ঃ ডাক, টেলিযোগাযোগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী মোহাম্মদ নাসিম দেশে আধুনিক শিক্ষা ও গবেষণায় তথ্য প্রযুক্তি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, আধুনিক শিক্ষা ও গবেষণার যথাযথ সমন্বয়ের মাধ্যমে তথ্য প্রযুক্তি অন্তর্ভুক্ত করে বাংলাদেশকে বিশ্বাঙ্গনে একটি মডেল হিসেবে প্রতিষ্ঠা করতে হবে।

মন্ত্রী গতকাল ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (বাউকসু) নবনির্বাচিত কর্মকর্তাদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। বাউকসু সভাপতি এবং বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক মোহাম্মদ হোসেন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এতে অন্যান্যের মধ্যে আওয়ামী লীগের প্রচার সম্পাদক ও বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউশনের মহাসচিব আব্দুল মান্নান; জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব অধ্যক্ষ মতিউর রহমান এবং আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

জনাব নাসিম ২০০০ সাল নাগাদ গোটা বাংলাদেশকে ডিজিটাল টেলিফোন নেটওয়ার্কের আওতায় আনার বিষয়ে তার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নের লক্ষ্যে সেখানে কার্ডফোন বুথ এবং ইন্টারনেট সার্ভিস প্রবর্তনের ব্যাপারে তাঁর দৃঢ় আস্থা ব্যক্ত করেন।